গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজারহাট, কুড়িগ্রাম
rajarhat.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯৭৭.০০০.০৩.০১২.২৬- ৩৯৪/ক তারিখ: ১৫ চৈত্র ১৪৩২
২৯ মার্চ ২০২৬

**হাট-বাজার ইজারার ৪র্থ পর্যায়ের পুন:দরপত্র বিজ্ঞপ্তি/২০২৫-২০২৬**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ অনুযায়ী রাজারহাট উপজেলাধীন ইজারা হয়নি এমন নিম্নবর্ণিত ৫(পাঁচ) টি সরকারি হাট-বাজার বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত একসনা মেয়াদী ইজারা প্রদানের নিমিত্ত দরপত্রে উল্লিখিত শর্ত মোতাবেক ইজারা প্রদান করা হবে। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরযুক্ত খামে পুনরায় দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের নির্ধারিত মূল্য (অফেরতযোগ্য)অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নিম্নবর্ণিত ক্যালেন্ডার অনুযায়ী অফিস চলাকালীন সময়ে দরপত্র ক্রয় করা যাবে। দরপত্রে উল্লিখিত তারিখ অনুযায়ী সকাল ১০.০০ টা হতে বেলা ০১.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ০৩.০০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

সকল দরপত্র দাতাকে দরপত্রে উদ্ধৃত মূল্যের সাথে ৩০% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম বরাবর যে কোন তফসিলী ব্যাংকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। সফল দরদাতাকে তার দাখিলকৃত দরের ইজারা মূল্যসহ ইজারা মূল্যের ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ১০% আয়কর কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। এ সংক্রান্ত অন্যান্য তথ্যাদি অফিস চলাকালীন সময়ে জানা যাবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। বি: দ্র: বিস্তারিত তথ্যাদি www.rajarhat.kurigram.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

| ক্র: নং | ইউপির নাম | হাট-বাজারের নাম | ১৪৩৩ সনের প্রস্তাবিত সরকারি মূল্য | দরপত্র মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ঘড়িয়ালডাঙ্গা | ঘড়িয়ালডাঙ্গা হাট | ১,৩৪৩/- | ৫০০/- |
| ০২ | ঘড়িয়ালডাঙ্গা | সিংগারডাবরীহাট | ৭২,১৫,৮৮৪/- | ১৫,২০০/- |
| ০৩ | ঘড়িয়ালডাঙ্গা | শরিষাবাড়ী হাট | ১,৮২,৩৫০/- | ১,০০০/- |
| ০৪ | নাজিমখান | নাজিমখান হাট | ১২,৫৪,৮৯৯/- | ৩,২০০/- |
| ০৫ | ছিনাই | পাংগা হাট | ৯,০৯৫/- | ৫০০/- |

ক্যালেন্ডার

| বিজ্ঞপ্তি | দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৪র্থ পর্যায় | ৩০/০৩/২০২৬ হতে ০৯/০৪/২০২৬ পর্যন্ত অফিস চলাকালীন সময় | ১২/০৪/২০২৬ বেলা ০১.০০ টা পর্যন্ত | ১২/০৪/২০২৬ বেলা ০৩.০০ টা | পার্শ্বে উল্লিখিত তারিখ ও সময় অনুযায়ী দরপত্র গ্রহণ করা হবে। |


২৯/০৩/২৬
মো: আল ইমরান
উপজেলা নির্বাহী অফিসার
রাজারহাট, কুড়িগ্রাম।
ফোন-০২৫৮৯৯৫৩১০১
মোবাইল-০১৭০৯৯৭৪৫০২
unorajarhat@mopa.gov.bd

**১৪৩৩ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী**

০১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সঙ্গে উল্লিখিত দরের ৩০% হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে, অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহিত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৮০% টাকা মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ আল ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার
রাজারহাট, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯৭৭.০০০.০৩.০১২.২৬-৩৯৪/ক তারিখ: ১৫ চৈত্র ১৪৩২
২৯ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে :

০১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

০২। পুলিশ সুপার, কুড়িগ্রাম।

০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।

০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, রাজারহাট, কুড়িগ্রাম।

০৫। সহকারি কমিশনার (ভূমি), রাজারহাট, কুড়িগ্রাম।

০৬। উপজেলা -----------------------------------------------------কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম।

০৭। উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম। তাকে উপজেলার ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ কর হলো।

০৮। প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান,----------------------------------------(সকল) ইউনিয়ন পরিষদ, রাজারহাট, কুড়িগ্রাম।

০৯। ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা, ---------------------------------(সকল) ইউনিয়ন ভূমি অফিস, রাজারহাট, কুড়িগ্রাম। তাকে হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তিটি ঢোল-শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

১০। অফিস নথি/নোটিশ বোর্ড।

২৯/০৩/২৬

মো: আলি ইমরান
উপজেলা নির্বাহী অফিসার
রাজারহাট, কুড়িগ্রাম।
ফোন-০২৫৮৯৯৫৩১০১
মোবাইল-০১৭০৯৯৭৪৫০২
unorajarhat@mopa.gov.bd